

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৯০

٩. यन भनाता त्रु पिष्ठ छे अत्म भाना (کتَابُ الرَّقَائق)

পরিচ্ছেদঃ যিনি সূরা ফাতিহাকে ভালবাসে, মহান আল্লাহও তাকে ভালবাসেন

ذِكْرُ إِثْبَاتِ مَحَبَّةِ اللَّهِ لِمُحِبِّي سُورَةِ الْإِخْلَاصِ

আরবী

الراوي: عَائِشَة المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 790 ا خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৭৯০. 'আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে একটি ক্ষুদ্র বাহিনীর প্রধান করে পাঠান। তিনি তার সঙ্গীদের নিয়ে সালাতে قُلُ هو الله أحد (বলুন, আল্লাহ এক।) (সূরা ইখলাস: ১।) পড়তেন। অতঃপর তাঁরা যখন ফিরে আসেন, তখন তাঁরা ব্যাপারটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে ব্যক্ত করেন। তখন তিনি বলেন, "তোমরা তাকে জিজ্ঞেস করো, কেন সে এমনটা করে। অতঃপর তাঁরা তাকে জিজ্ঞেস করলে তিনি বলেন, "আমি সূরাটি পড়তে ভালবাসি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা তাকে জানিয়ে দাও যে, নিশ্চয়ই আল্লাহও তাকে ভালবাসেন!"[1]



ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৭৩৭৫; নাসাঈ: ২/১৭১; মুসলিম: ৮১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ নাসাঈ: ৯৪৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন